



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫
২৩২ ২৯১২

ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন

মেলারমাঠ □ আগরতলা □ পশ্চিম ত্রিপুরা □ পিন - ৭৯৯ ০০১


রেফ নং :

তারিখ :

মানবতার বিরুদ্ধে জঘন্যতম অপরাধের জন্য শাস্তি ঘোষণা হস্তি দিয়েছে মহিলা কমিশনকে

২০০৮ সালে ৭ মার্চ মহিলা কমিশন ছুটে গিয়েছিল অমরপুর মহকুমার বীরগঞ্জ ধানঘীন প্রত্যন্ত লালগিরি গ্রামে এক নাবালিকা স্কুল পড়ুয়া উপজাতি কিশোরীর গণধর্ষণের খবর পেয়ে। উপজাতি অধ্যুষিত গ্রাম পাহাড়ে যেখানে কিশোর কিশোরীরা থাকে সরলপ্রাণ এবং ভাই বোনের মত তাদের অবস্থান, সেখানে ঘটে যাওয়া নারকীয় ঘটনা গভীরভাবে মর্মান্বিত করেছিল কমিশনকে।

অমরপুরের লালগিরি গ্রামে গিয়ে কমিশন জানতে পারে সরলমনা কিশোরীটি তারই কয়েকজন বান্ধবী নিয়ে নিজের বাড়ীর কিছুটা দূরত্বে সন্ধ্যা ৬টা নাগাদ গল্প করছিল। তখনই চন্দ্রকিশোর জামাতিয়া, জয়ন্ত জামাতিয়া এবং ধনীমোহান জামাতিয়া তাদের দিকে টর্চ জ্বালিয়ে দ্রুত এগিয়ে আসছে দেখে তারা সকলে পালাতে চেষ্টা করে। কিন্তু দুকৃতকারীরা তাদের একজনকে ধরে ফেলে। এই যুবকরা সকলে মিলে সেদিন কিশোরীকটিকে ধর্ষণ করেছিল। মেয়েটি এক সময় জ্ঞান হারিয়ে ফেলেছিল। জ্ঞান ফিরলে দেখে যে বাড়ী থেকে বেশ কিছুটা দূরে সে একটি লুঙ্গায় পড়ে আছে। তারপর প্রতিবেশীদের সহায়তায় সে নিজের বাড়ীতে ফিরে আসে। বিবয়টি জানিয়ে বীরগঞ্জ থানায় এফ আই আর করা হয়। কমিশন প্রথমেই মারাত্মকভাবে আহত মেয়েটির চিকিৎসার ব্যবস্থা করে। এই পাশবিক অত্যাচারের ঘটনায় অভিযুক্তদের শাস্তি নিশ্চিত করার জন্য কমিশন পুলিশের সঙ্গে সর্বদা যোগাযোগ রেখে চলেছিল। মেয়েটির নিরাপত্তার কথা চিন্তা করে তাকে আগরতলায় হোমে রাখার ব্যবস্থা করা এবং তার লেখাপড়া যাতে ছেদ না পড়ে তার জন্য তাকে আগরতলার একটি স্কুলে ভর্তি করার ব্যবস্থাও কমিশন করে। সেদিন থেকে আজ পর্যন্ত উপজাতি কিশোরীটি মহিলা কমিশনের তত্ত্বাবধানে আছে। গত ২৭/১০/২০০৯ উদয়পুর আদালতে সাক্ষ্যদানকালে মেয়েটির নিরাপত্তার কথা চিন্তা করে আরক্ষাদপ্তর থেকে নিরাপত্তা নিয়ে কমিশনের সভানেত্রী, সদস্য সচিব এবং একজন সদস্য তাকে উদয়পুর কোর্টে নিয়ে



Anusua Bhattacharya
Member Secretary

Tripura State Commission for Women



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫
২৩২ ২৯১২

ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন

মেলাৰমাঠ □ আগৰতলা □ পশ্চিম ত্ৰিপুরা □ পিন - ৭৯৯ ০০১

রেফ নং :

তারিখ :

যান। ঐ দিন আসামীদেরও কোর্টে হাজির করা হয়েছিল। যাদের দেখে সে ভয়ে লজ্জায় এবং ঘৃণায় মাথা তুলে তাকাতে পারছিল না। কমিশনের সদস্য সাক্ষ্য শেষ হওয়া পর্যন্ত তার সঙ্গে থেকে তাকে সাহস জুগিয়েছেন।

গত ২৫/৫/১০ উদয়পুর কোর্টের সরকারী আইনজীবী শ্রীবিপ্লব দত্ত কমিশনকে অভিযুক্তদের শাস্তি ঘোষণার কথা জানান। তিনজনেরই ১০ বছরের সশ্রম কারাবাস সঙ্গে জরিমানা হয়েছে। খবরটি পেয়ে কমিশন অত্যন্ত আনন্দিত। সরকারী আইনজীবির মামলা পরিচালনা আন্তরিক প্রশংসার দাবী রাখে। মানবতার বিরুদ্ধে জঘন্যতম অপরাধের জন্য শাস্তি ঘোষণা সর্বদাই অজিপ্রোত কিন্তু, নানা কারণে সকল ক্ষেত্রে এধরণের অপরাধেরও শাস্তি হয়না। এক্ষেত্রে নির্যাতিতা কিশোরীটির সহযোগিতা খুবই কার্যকরী হয়েছে। এই শাস্তি ঘোষণা অবশ্যই অপরাধীদের সাবধান করবে। কমিশন এই রায় ঘোষণার সংবাদটি ভিক্তিম ও তাঁর হোম কর্তৃপক্ষকে জানিয়েছে।


29.5.10

Member Secretary,
Tripura Commission for Women,